# শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

Education Engineering Department (EED)

# ঠিকাদার অনলাইন নবায়ন

# নির্দেশিকা-২০২৬

ওয়েবসাইট: https://eedmoe.gov.bd

# সূচিপত্র

**সূচিপত্র** ........ ২

**১. লগইন ও প্রোফাইল ব্যবস্থাপনা** ........ ৩

**২. এডমিন ইউজার ও ঠিকাদার** ........ ৩

**২.১ ঠিকাদারের ইউজার আইডি** ........ ৪

**২.২ নবায়নের আবেদন প্রক্রিয়া** ........ ৪

**৩. নিয়মিত ও বিলম্বিত নবায়ন** ........ ৬

**৩.১ নিয়মিত নবায়ন** ........ ৬

**৩.২ বিলম্বিত নবায়ন** ........ ৮

**৩.২.১ বিলম্বিত নবায়নের আবেদন প্রক্রিয়া** ........ ৮

**৩.৩ এডমিন প্যানেলে নবায়ন আবেদন যাচাই-বাছাই** ........ ৯

**৩.৩.১ নিয়মিত নবায়নের আবেদন (এডমিন প্যানেল)** ........ ১০

**৩.৩.২ বিলম্বিত নবায়নের আবেদন (এডমিন প্যানেল)** ........ ১০

**৪. সম্পূর্ণ এডমিন প্যানেল** ........ ১১

## ১. লগইন ও প্রোফাইল ব্যবস্থাপনা

➢ Google Chrome, Microsoft Edge অথবা Mozilla Firefox-এর মতো যেকোনো ওয়েব ব্রাউজার ব্যবহার করে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইটে (https://eedmoe.gov.bd) প্রবেশ করুন।


ওয়েবসাইটে প্রদত্ত “ঠিকাদার তালিকাভুক্তি” লিংকে ক্লিক করে নিচের ধাপগুলো অনুসরণ করুন:

১. রেজিস্ট্রেশন সম্পন্ন করে লগইন করুন।

২. অনলাইন তালিকাভুক্তির আবেদন ফরম পূরণ করুন।

৩. প্রয়োজনীয় ডকুমেন্ট আপলোড করুন।

৪. আবেদন দাখিল (Submit) করুন।




## ২. ইউজার

### ২.১ দাপ্তরিক ইউজার:


শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের জেলা পর্যায়ে দুই ধরনের ইউজার কার্য পরিচালনা করেন:

- অথরাইজড অফিসার (নির্বাহী প্রকৌশলী)
- অথরাইজড ইউজার- নির্বাহী প্রকৌশলী কর্তৃক মনোনীত সহযোগী কর্মকর্তা/কর্মচারী

## ২.১ ঠিকাদার ইউজার

- যেসব ঠিকাদার অনলাইনে তালিকাভুক্ত হয়েছেন অথবা নতুন নিবন্ধন (Registration) করে ইউজার আইডি তৈরি করেছেন, তারা সেই ইউজার আইডি দিয়ে নবায়নের আবেদন করতে পারবেন।


- যেসব ঠিকাদার পূর্বে অফলাইনে তালিকাভুক্ত হয়েছেন, তাদের নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে নতুন ইউজার আইডি তৈরি করতে হবে।




*চিত্র ২: নতুন ইউজার আইডি তৈরির ফরম*


## ২.২ নবায়নের আবেদন প্রক্রিয়া

১. রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর লগইন করুন।




*চিত্র ৩: নবায়ন আবেদন ও তথ্য সংরক্ষণ*

২. নবায়নের আবেদন করুন এবং প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র আপলোড করে সংরক্ষণ করুন।



নবায়নের আবেদন
নিয়মিত নবায়ন
বিলম্বিত নবায়ন

নবায়ন আবেদন ফরম (অফলাইনে/হার্ডফাইলে তালিকাভুক্ত ঠিকাদার)

প্রতিষ্ঠানের নাম (বাংলায়)*
প্রতিষ্ঠানের নাম (ইংরেজিতে)*
প্রোপ্রাইটর/মালিকের নাম (বাংলায়)*
প্রোপ্রাইটর/মালিকের নাম (ইংরেজিতে)*
পিতা/স্বামীর নাম
মাতার নাম
প্রতিষ্ঠানের ঠিকানা*
স্থায়ী ঠিকানা*
মোবাইল নম্বর*
ই-মেইল*
জাতীয় পরিচয়পত্র নম্বর*
জাতীয় পরিচয়পত্র কপি* Choose File No file chosen
ট্রেড লাইসেন্স নম্বর*
ট্রেড লাইসেন্সের হালনাগাদ কপি* Choose File No file chosen
ই-টিন (eTIN) নম্বর*
ই-টিনের (e-TIN) হালনাগাদ কপি* Choose File No file chosen
ভ্যাট রেজিস্ট্রেশনের নম্বর(BIN)*
ভ্যাট রেজিস্ট্রেশন কপি Choose File No file chosen
তালিকাভুক্তি বই নম্বর*
তালিকাভুক্তি বইয়ের কপি Choose File No file chosen
তালিকাভুক্তির শ্রেণি*
--নির্বাচন করুন--
তালিকাভুক্তি নবায়নের হালনাগাদ কপি Choose File No file chosen
নবায়ন ফি প্রদানকৃত জেলার নাম*
--নির্বাচন করুন--
প্রপ্রাইটর/মালিকের ছবি Choose File No file chosen
সংরক্ষণ করুন

২০২৪@ কারিগরি সহযোগিতায় **স্পাইডার আইটি লিমিটেড** সর্বসত্ব শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। **ভার্সন** ১.১

*চিত্র ৪: আবেদন দাখিলের পূর্বে তথ্য যাচাই*

৩. সংরক্ষিত তথ্য সঠিকভাবে যাচাই-বাছাই করে আবেদনটি দাখিল (Submit) করুন।



নবায়ন আবেদন ফরম (অফলাইনে/হার্ডফাইলে তালিভুক্ত ঠিকাদার)

| প্রতিষ্ঠানের নাম (বাংলায়) | প্রোপ্রাইটর/মালিকের নাম (বাংলায়) | পিতা/স্বামীর নাম | মাতার নাম | ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা | স্থায়ী ঠিকানা | জাতীয় পরিচয়পত্র নং | তালিকাভুক্তির শ্রেণী | জেলা | ভিউ | একশন | চেক | অনুমোদন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মেসার্স মা-সেলিনা এন্টারপ্রাইজ | মোঃ সাইফুল ইসলাম | মোঃ মকবুল হোসেন | মোছাঃ সেলিনা বেগম | নামুড়ী, আদিতমারী, লালমনিরহাট | রামদেব, নামুড়ীহাট | ৬৪৬০৬১৯১৬৩ | এ-১ | লালমনিরহাট | | দাখিল করুন | অপেক্ষমান | অপেক্ষমান |

*চিত্র ৫: আবেদন দাখিল (Submit) নিশ্চিতকরণ*

৪. আবেদন দাখিলের পর জেলা কার্যালয়ের অথরাইজড ইউজার তথ্য যাচাই-বাছাই করবেন এবং অথরাইজড অফিসার (নির্বাহী প্রকৌশলী) চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন।

# ৩. নিয়মিত ও বিলম্বিত নবায়ন

## ৩.১ নিয়মিত নবায়ন

যেসব ঠিকাদার বিগত অর্থবছরসমূহে নির্ধারিত নবায়ন ফি পরিশোধ করেছেন এবং তথ্য হালনাগাদ করেছেন, কেবল তারাই নিয়মিত নবায়নের জন্য আবেদন করতে পারবেন।

১. ড্যাশবোর্ডে প্রদর্শিত লিংকের মাধ্যমে নবায়ন ফি জমা দিন।


২. আবেদনপত্রের সকল তথ্য পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে আবেদন দাখিল করুন।

৩. দাখিলকৃত আবেদন ও চালান জেলা কার্যালয়ের অথরাইজড ইউজার যাচাই-বাছাই করবেন।


৪. জেলা অথরাইজড অফিসার (নির্বাহী প্রকৌশলী) তথ্য সঠিক মনে করলে অনুমোদন প্রদান করবেন।

৫. অনুমোদনের পর ঠিকাদারের ড্যাশবোর্ডে স্বয়ংক্রিয়ভাবে (Auto-generated) নবায়ন সনদ প্রদর্শিত হবে।

**লক্ষণীয়:** নির্বাহী প্রকৌশলীর অনুমোদনের সাথে সাথেই নবায়ন সনদ স্বয়ংক্রিয়ভাবে তৈরি হয় - এর জন্য আলাদা কোনো আবেদন করার প্রয়োজন নেই।




*চিত্র ৬: নবায়ন ফি পরিশোধ ও চালান তথ্য*



নিয়মিত নবায়ন

| প্রতিষ্ঠানের নাম (বাংলায়) | প্রোপ্রাইটার/মালিকের নাম (বাংলায়) | পিতা/স্বামীর নাম | মাতার নাম | ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা | স্থায়ী ঠিকানা | জাতীয় পরিচয়পত্র নং | তালিকাভুক্তির শ্রেণী | তালিকাভুক্তি জেলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| বেঙ্গল পাওয়ার সার্ভিস | শামসুল আলম | মুনসুর আলী | শ্যামলী বেগম | গ্রাম: বাকসাডাঙ্গী, নারুয়া-7730, বালিয়াকান্দি, রাজবাড়ী। | গ্রাম: বাকসাডাঙ্গী, নারুয়া-7730, বালিয়াকান্দি, রাজবাড়ী। | ৪১৫২০৯০৭৫১ | এ-১ | ফরিদপুর |

নবায়নের তথ্য

| ক্রম নং | হালনাগাদ ট্রেড লাইসেন্স | হালনাগাদ ই-টিন | চালান নং | তারিখ | ফির পরিমান | চালান | ভ্যাট চালান নং | ভ্যাট তারিখ | ভ্যাটের পরিমান | ভ্যাট চালান | হালনাগাদ | বছর | সংশোধন | একশন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | 2526-0001449763 | 2025-08-14 | 50000.00 | | 3456788 | 2026-06-07 | 750.00 | | 2025-2026 থেকে 2025-2026 | ১ | | দাখিল করুন |

*চিত্র ৭: নবায়ন ফি দাখিল*

## ৩.২ বিলম্বিত নবায়ন

যেসব ঠিকাদার বিগত অর্থবছরসমূহে নিয়মিত নবায়ন ফি পরিশোধ করেননি, অথবা চলমান অর্থবছরে নির্ধারিত সময়ের মধ্যে (জরিমানাসহ বা জরিমানা ছাড়া) নবায়ন ফি পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন, তাদের বিলম্বিত নবায়নের জন্য প্রধান কার্যালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

### ৩.২.১ বিলম্বিত নবায়নের আবেদন প্রক্রিয়া

১. প্রধান প্রকৌশলীর অনুমোদনের জন্য নির্ধারিত আবেদনপত্র পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন দাখিল করুন।

২. প্রধান কার্যালয় আবেদন যাচাই-বাছাই করে অনুমোদন প্রদান করলে ড্যাশবোর্ডে নবায়ন ফি পরিশোধের লিংক প্রদর্শিত হবে।

৩. নির্ধারিত ফি পরিশোধ করে আবেদন সাবমিট করুন।

৪. আবেদনটি সংশ্লিষ্ট জেলা অথরাইজড ইউজারের ড্যাশবোর্ডে দৃশ্যমান হবে; তিনি যাচাই-বাছাই করে অনুমোদনের জন্য জেলা অথরাইজড অফিসার (নির্বাহী প্রকৌশলী)-এর নিকট প্রেরণ করবেন।

৫. নির্বাহী প্রকৌশলী অনুমোদন প্রদান করলে ঠিকাদারের ড্যাশবোর্ডে স্বয়ংক্রিয়ভাবে (Auto-generated) নবায়ন সনদ প্রদর্শিত হবে।





বিলম্বিত নবায়ন আবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ

সনদ সংক্রান্ত তথ্য

| প্রতিষ্ঠানের নাম (বাংলায়) | প্রোপ্রাইটর/মালিকের নাম (বাংলায়) | পিতা/ স্বামীর নাম | মাতার নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | স্থায়ী ঠিকানা | জাতীয় পরিচয়পত্র নং | তালিকাভুক্তির শ্রেণী | জেলা | সনদ নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বেঙ্গল পাওয়ার সার্ভিস | শামসুল আলম | মুনসুর আলী | শ্যামলী বেগম | গ্রাম: বাকসাডাঙ্গী, নারুয়া-7730, বালিয়াকান্দি, রাজবাড়ী। | গ্রাম: বাকসাডাঙ্গী, নারুয়া-7730, বালিয়াকান্দি, রাজবাড়ী। | ৪১৫২০৯০৭৫১ | এ-১ | ফরিদপুর | e-EC/ ২০২৫-২০২৬/০০৫৬২৭ |

*চিত্র ৮: বিলম্বিত নবায়নের আবেদন ফরম*






সনদ সংক্রান্ত তথ্য

| প্রতিষ্ঠানের নাম (বাংলায়) | প্রোপ্রাইটর/মালিকের নাম (বাংলায়) | পিতা/ স্বামীর নাম | মাতার নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | স্থায়ী ঠিকানা | জাতীয় পরিচয়পত্র নং | তালিকাভুক্তির শ্রেণী | জেলা | সনদ নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বেঙ্গল পাওয়ার সার্ভিস | শামসুল আলম | মুনসুর আলী | শ্যামলী বেগম | গ্রাম: বাকসাডাঙ্গী, নারুয়া-7730, বালিয়াকান্দি, রাজবাড়ী। | গ্রাম: বাকসাডাঙ্গী, নারুয়া-7730, বালিয়াকান্দি, রাজবাড়ী। | ৪১৫২০৯০৭৫১ | এ-১ | ফরিদপুর | e-EC/ ২০২৫-২০২৬/০০৫৬২৭ |

নবায়ন আবেদন প্রধান কার্যালয়ে প্রেরণের তথ্য

| প্রতিষ্ঠানের নাম (বাংলায়) | প্রোপ্রাইটার/মালিকের নাম (বাংলায়) | পিতা/ স্বামীর নাম | মাতার নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | স্থায়ী ঠিকানা | জাতীয় পরিচয়পত্র নং | তালিকাভুক্তির শ্রেণী | তালিকাভুক্তি জেলা | সময় | ভিউ | একশন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মোহাম্মদ সুলতান মিয়া মাসুদ | Muhammad Abdul Ahad | ছায়েরা খাতুন | ছায়েরা খাতুন | জাফরগঞ্জ, শিবালয়, মানিকগঞ্জ | জাফরগঞ্জ, শিবালয়, মানিকগঞ্জ | ১০১৯৩৮২৩৯৭ | এ-১ | জয়পুরহাট | ২০০৭ থেকে ২০২৫-২০২৬ | | দাখিল করুন |

*চিত্র ৯: জেলা কার্যালয়ে দাখিল*

### ৩.৩ এডমিন প্যানেলে নবায়ন আবেদন যাচাই-বাছাই

ঠিকাদার কর্তৃক দাখিলকৃত নবায়নের আবেদনসমূহ প্রথমে জেলা অথরাইজড ইউজার যাচাই-বাছাই করেন। যাচাই শেষে আবেদনটি অনুমোদনের জন্য জেলা অথরাইজড অফিসার (নির্বাহী প্রকৌশলী)-এর নিকট প্রেরণ করা হয়।

### ৩.৩.১ নিয়মিত নবায়নের আবেদন (এডমিন প্যানেল)

১. নবায়ন ফি পরিশোধকারী ঠিকাদারদের আবেদনসমূহ জেলা অথরাইজড ইউজারের ড্যাশবোর্ডে প্রদর্শিত হবে।

২. জেলা অথরাইজড ইউজার আবেদন যাচাই-বাছাই করে অনুমোদনের জন্য জেলা অথরাইজড অফিসার (নির্বাহী প্রকৌশলী)-এর নিকট প্রেরণ করবেন।

৩. নির্বাহী প্রকৌশলী তথ্য ও চালান সঠিক নিশ্চিত হলে নবায়নের অনুমোদন প্রদান করবেন।

৪. অনুমোদনের পর ঠিকাদারের ড্যাশবোর্ডে স্বয়ংক্রিয়ভাবে (Auto-generated) নবায়ন সনদ প্রদর্শিত হবে।

### ৩.৩.২ বিলম্বিত নবায়নের আবেদন (এডমিন প্যানেল)

১. জেলা অথরাইজড ইউজার প্রথমে আবেদনটি যাচাই-বাছাই করবেন।

২. এরপর আবেদনটি জেলা অথরাইজড অফিসার (নির্বাহী প্রকৌশলী)-এর মাধ্যমে প্রধান কার্যালয়ের প্রধান প্রকৌশলীর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করা হবে।

৩. প্রধান কার্যালয়ে নির্ধারিত ওয়ার্কফ্লো: নবায়ন অথরাইজড ইউজার⟶ইনিশিয়েটর⟶অথরাইজড অফিসার⟶রিভিউয়ার⟶ সুপার এডমিন অনুসরণ করে আবেদন যাচাই ও অনুমোদন সম্পন্ন হবে।

৪. প্রধান প্রকৌশলীর অনুমোদনের পর ঠিকাদারের ড্যাশবোর্ডে নবায়ন ফি পরিশোধের লিংক প্রদর্শিত হবে।


৫. ঠিকাদার নবায়ন ফি পরিশোধ করে আবেদন সাবমিট করলে আবেদনটি জেলা অথরাইজড ইউজারের ড্যাশবোর্ডে দৃশ্যমান হবে।

৬. জেলা অথরাইজড ইউজার আবেদন যাচাই-বাছাই করে অনুমোদনের জন্য জেলা অথরাইজড অফিসার (নির্বাহী প্রকৌশলী)-এর নিকট প্রেরণ করবেন।

৭. নির্বাহী প্রকৌশলী অনুমোদন প্রদান করলে ঠিকাদারের ড্যাশবোর্ডে স্বয়ংক্রিয়ভাবে নবায়ন সনদ তৈরি হবে।

## ৪. সম্পূর্ণ এডমিন প্যানেল

এই অংশে সম্পূর্ণ এডমিন প্যানেলের কর্মবন্টন প্রদর্শিত হয়েছে, যা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ইইডি) কর্তৃক নির্ধারিত হবে।




*চিত্র ১০: এডমিন প্যানেল — সম্পূর্ণ কর্মবন্টন কাঠামো*